S.A (D.M)
24.05.25

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০০৫.২২-১২৩ তারিখঃ ২৯ বৈশাখ ১৪৩২ / ১২ মে ২০২৫

**প্রজ্ঞাপন**

যেহেতু, বিগত ০৫-০১-২০২২ তারিখে সিলেটের জকিগঞ্জ উপজেলার কাজলসার ইউনিয়ন পরিষদ নির্বাচনে ভোটগ্রহণ কালে জনাব শাদমান সাকীব, উপজেলা নির্বাচন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), জকিগঞ্জ, সিলেট এর ব্যবহৃত গাড়িতে সিলসহ ব্যালট পেপারসহ অন্যান্য নির্বাচনী মালামাল রাখার অভিযোগে তাকে থানা হেফাজতে আটক রাখা হয়; ০৬-০১-২০২২ তারিখে পুলিশ অভিযোগকারী হয়ে তার বিরুদ্ধে ফৌজদারী মামলা নং-০২/২০২২ দায়ের করেন; এই ঘটনায় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ নির্বাচন বন্ধ ঘোষিত হয়; তাকে সাময়িক বরখাস্ত করা হয়; তার বিরুদ্ধে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর ধারা ৫(১) এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০৪/২০২২ রুজু করে তাকে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল পূর্বক ব্যক্তিগত শুনানীর অভিপ্রায় ব্যক্ত করেন; ০৩.০৪.২০২২ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; তিনি আত্মপক্ষ সমর্থন করায় ন্যায় বিচারের স্বার্থে অভিযোগের তদন্ত হয়; তদন্ত কর্মকর্তা জনাব ফয়সল কাদের, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট ভোটকেন্দ্রে কম সংখ্যক ব্যালট পেপার বিতরণের জন্য এই অনাকাঙ্খিত ঘটনার সৃষ্টি হয় মর্মে উল্লেখ পূর্বক তাকে ও সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে দায়ী করে প্রতিবেদন প্রদান করেন; তার বিরুদ্ধে ফৌজদারী মামলা বিচারাধীন থাকায় ফৌজদারী মামলা নিষ্পত্তির পর বিভাগীয় মামলা নিষ্পত্তির সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, ফৌজদারী মামলার অগ্রগতি পর্যালোচনায় দেখা যায়, বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট চৌকি আদালত, জকিগঞ্জ, সিলেট ফৌজদারী মামলা নং-০২/২০২২ এর ০৫-০৭-২০২৩ তারিখের আদেশে জনাব শাদমান সাকীব-কে নির্দোষ সাব্যস্তক্রমে খালাস প্রদান করেন; রাষ্ট্রপক্ষ উক্ত আদেশের বিরুদ্ধে ফৌজদারী আপিল নং-৩৫১/২০২৩ দায়ের করলে বিজ্ঞ দায়রা জজ আদালত, সিলেট ১৪-০১-২০২৫ তারিখের আদেশে পূর্বতন আদালতের রায় ও আদেশ বহাল ও বলবৎ রাখেন;

যেহেতু, ফৌজদারী মামলা ও ফৌজদারী আপিল মামলায় আনীত অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করা হয়; বিভাগীয় তদন্তে তার বিরুদ্ধে যথাযথভাবে ব্যালট পেপার বিতরণ না করার অভিযোগ উত্থাপিত হয়; তবে তার চাকুরির ভবিষ্যত ও প্রাসঙ্গিক বিষয় বিবেচনায় তাকে অধিকতর সতর্ক ও দায়িত্বশীল হওয়ার নির্দেশ প্রদান পূর্বক এই বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব শাদমান সাকীব, উপজেলা নির্বাচন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), জকিগঞ্জ, সিলেট-কে ভবিষ্যতে অধিকতর সতর্কতা ও দায়িত্বশীলতার সাথে সরকারি দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো। তাকে বিভাগীয় মামলা নং-০৪/২০২২ হতে অব্যাহতি প্রদান পূর্বক মামলা নিষ্পত্তি করা হলো। তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসাবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়াসহ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আখতার আহমেদ
সিনিয়র সচিব

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০০৫.২২-১২৩ তারিখঃ ২৯ বৈশাখ ১৪৩২ / ১২ মে ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৩। যুগ্মসচিব.........(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট
০৭। উপসচিব ................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৮। উপসচিব (হিসাব) (চ.দা.), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৯। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, সিলেট
১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)
১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা
১২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, সিলেট
১৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সিলেট
১৫। সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে রেকর্ড সংরক্ষেণের অনুরোধসহ)
১৬। জনাব শাদমান সাকীব (১০৯২০০২২), উপজেলা নির্বাচন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), জকিগঞ্জ, সিলেট
১৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জকিগঞ্জ, সিলেট

মোহাম্মদ আল-মামুন
সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)
ফোনঃ ০২-৫৫০০৭৪৫৮
ইমেইল: sas_dis@ecs.gov.bd